কালের কণ্ঠ

তারিখ 17 OCT 2016
পৃষ্ঠা

# শেকৃবিতে ভর্তি আবেদন শুরু ২৫ অক্টোবর

নিজস্ব প্রতিবেদক ▷

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তির আবেদনপ্রক্রিয়া আগামী ২৫ অক্টোবর রাত ১২টা ১ মিনিট থেকে শুরু হবে। চলবে ২৫ নভেম্বর রাত ১২টা পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ ডিসেম্বর। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য একজন শিক্ষার্থীর এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ ৭ থাকতে হবে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। ভর্তি পরীক্ষার আবেদন ফি ৯০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

শিক্ষার্থীদের আবেদন অনলাইনে পূরণ করে ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেডের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ফি প্রদান করতে হবে। ফরম পূরণের সময় প্রার্থীর একটি পাসপোর্ট আকারের রঙিন ছবি আপলোড করতে হবে। বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদে মোট আসনসংখ্যা ৫১৫। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.edu.bd থেকে জানা যাবে।